বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩
Phone: 88-02-9555133
Fax: 88-02-9551073

স্মারকনং- ১২ পাউবো (সচি)/বোর্ড-২(পূর্ব রিজিয়ন)

তারিখঃ ২৯-০১-২০১৯ খ্রিঃ।

# দপ্তরাদেশ

মৌলভীবাজার প ও র বিভাগ, বাপাউবো, মৌলভীবাজারাধীন ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে "হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সোনাই নদীর ড্রেজিং কাজ বাস্তবায়নে ঠিকাদার বিডিএল-জে আই (জেভি), ২৮ ব্রাহ্মণপাড়া, শিবগঞ্জ, সিলেট এর সাথে উদ্ভূত সমস্যা সমাধানকল্পে সরেজমিন পরিদর্শনপূর্বক মতামত ও সুপারিশ প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব মোঃ মোতাহার হোসেন, প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ হারুন উর রশিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ শওকত আলী, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। | সদস্য |
| ৪। | জনাব রনেন্দ্র শংকর চক্রবর্তী, নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার। | সদস্য-সচিব |

কমিটির কার্য পরিধি ঃ

(১) কমিটি সরেজমিনে সাইট পরিদর্শন, স্থানীয় জনগণ, জনপ্রতিনিধি ও অন্যান্যদের সহিত আলোচনা করে সোনাই নদী ড্রেজিং কাজ বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিত করবেন এবং তার সম্ভাব্য সমাধানের উপায়সমূহ নির্ণয় করে প্রতিবেদনে সন্নিবেশ করবেন।

(২) দরপত্র দলিল, সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তির শর্তাবলী ও কাজের দফা/দফাসমূহ মাঠ পর্যায়ে বিদ্যমান পরিবেশ ও পরিস্থিতি কাজ বাস্তবায়নের অনুকূল অবস্থার জন্য লাগসই কিনা, তা পর্যালোচনা করবেন। বিদ্যমান পরিস্থিতি মোতাবেক কাজের দফাসমূহের কোনরূপ পরিবর্তন অথবা বিয়োজন/সংযোজন করতে হলে মতামত/সুপারিশসহ তা প্রতিবেদনে সন্নিবেশ করবেন।

(৩) দরপত্র দলিল, সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তির শর্তাবলীসমূহ পর্যালোচনা ও বিশ্লেষণ পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠান অথবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন পর্যায়ে কোন দুর্বলতা, শিথিলতা অথবা চুক্তি লংঘন/ Breach of the Contract পরিলক্ষিত হলে তা নির্ণয় ও প্রতিবেদনে সন্নিবেশিত করবেন; এবং

(৪) কমিটির পর্যবেক্ষণ মোতাবেক এতদসম্পর্কিত অন্যান্য যে কোন বিষয় সন্নিবেশিত করবেন

কমিটি কার্যপরিধি অনুযায়ী সুনির্দিষ্ট সুপারিশমালাসহ প্রতিবেদন অত্র আদেশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব-রিজিয়ন), বাপাউবো, ঢাকা মহোদয় বরাবর ২ (দুই) প্রস্থে প্রতিবেদন দাখিল করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৯/০১/২০১৯
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
পরিচিতি নং ৬৩০১২০০০১
secretary@bwdb.gov.bd

G:\Maksudur Rahman Munshi\cercular.docx

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং- ১২ বাপাউবো(সচি)/বোর্ড-২(পূর্ব রিজিয়ন) তারিখ ঃ ২৯-০১-২০১৯ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী.................................. বাপাউবো,........................ ।
২. চীফ মনিটরিং/প্লানিং, বাপাউবো, ঢাকা।
৩. জনাব মোঃ মোতাহার হোসেন, প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা ও গঠিত কমিটির আহবায়ক।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী.................................. বাপাউবো...................................................... ।
৫. পরিচালক, হিসাব রক্ষণ /অডিট/অর্থ/ বাপাউবো, ঢাকা।
৬. জনাব মোঃ হারুন উর রশিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা ও ও গঠিত কমিটির সদস্য।
৭. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী.........................পওর বিভাগ,বাপাউবো,.......................................... ।
৯. জনাব মোঃ শওকত আলী, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ ও গঠিত কমিটির সদস্য।
১০. জনাব রনেন্দ্র শংকর চক্রবর্তী, নির্বাহী প্রকৌশলী, মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার ও গঠিত কমিটির সদস্য-সচিব।
১১. উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো,................................ ।
১২. সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আই সি টি সেল, বাপাউবো, ঢাকা।(দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
১৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজয়িন/পরিকল্পনা/সচিব), বাপাউবো,ঢাকা।
১৪. অফিস কপি/মাষ্টার কপি।

২৯/০১/১৯

(সৈয়দ মহিবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
বাপাউবো, ঢাকা।